পনেরো বছর আগে সেই যাত্রা শুরু হয়েছিল। ‘শব্দগুচ্ছ’ তার দরজা খুলে দিয়েছিল সব কবিদের প্রবেশের জন্যে—কেবল নতুন কবিদের জন্য নয়। তার অস্থিষ্ট ছিলো ভালো কবিতা প্রকাশ করা। বিশেষত নতুনদের। এই পনেরো বছরে ষাটটি সংখ্যায় (যে ক’টি মলাটেই হোক না কেন) ‘অঙ্গুষ্ঠ’ কবিতা প্রকাশিত হয়েছে—যেমন প্রবীণদের তেমনি নতুনদেরও। যদিও ঐ সম্পাদকীয় পাঠে মনে হয় ‘শব্দগুচ্ছ’র দরজা বৃষ্টি খোলা হলো নবীনদের জন্যেই। মূলত নতুনদের জন্যে হলেও ‘শব্দগুচ্ছ’র পৃষ্ঠায় প্রকাশিত হয় অনেক প্রবীণ কি প্রতিষ্ঠিত কি পরিচিত কি খ্যাত কবিদের রচনাও। যেমন প্রথম সংখ্যায় শহীদ কাদরী ও জ্যোতির্ময় দত্ত ব্যতীত প্রায় আর কেউই বাংলা কবিতা পাঠকের কাছে যথেষ্ট পরিচিত ছিলেন না। ‘শব্দগুচ্ছ’র সর্বশেষ সংখ্যাটিও (Volume 15, No. 1/2) প্রায় তেমনি—বিদেশী কবিদের অনূদিত রচনা সমূহ বাদ দিলে পনেরো বছর আগের অতি প্রতিষ্ঠিত কোনো কবির রচনাই চোখে পড়ে না। অবশ্য প্রকাশিত রচনাসমূহের মাত্র এক চতুর্থাংশই বাঙালী। পনেরো বছরে ‘শব্দগুচ্ছ’র চরিত্রের সবচেয়ে বড় পরিবর্তন বৃষ্টি এটিই।

পরিপূর্ণভাবে বাংলা কবিতায় নিবেদিত ‘শব্দগুচ্ছ’ এখন বহুলাংশে সরে এসেছে বিদেশী কবিতার আঙ্গিনায়। যদিও মধ্যবর্তীকালে ‘শব্দগুচ্ছ’য় প্রকাশিত কবি তালিকায় বাংলা ভাষার পরিচিত কি খ্যাত অনেক কবির রচনাই মুদ্রিত হয়েছে। স্পষ্টতই ‘শব্দগুচ্ছ’ তার প্রারম্ভিক ঘোষিত চরিত্র ‘বাংলা কবিতার ত্রৈমাসিক পত্রিকা’ থেকে দ্বিভাষিক কবিতা সাময়িকীর বর্তমান চরিত্রে স্বচ্ছন্দে পরিবর্তিত হয়েছে। ইংরেজি ভাষায় রচিত কবিতার আধিক্যও চোখে পড়বার মতোই, যদিও প্রকাশের বছর দুয়েকের মধ্যেই ‘শব্দগুচ্ছ’ তার শেষ মলাটে ওই সংখ্যায় প্রকাশিত সব রচয়িতার নামই ইংরেজি হরফে মুদ্রিত করতে থাকে। অদ্যাবধি তেমনই আছে। স্বচ্ছন্দেই মনে করা যায় যে, ‘শব্দগুচ্ছ’র উদ্দিষ্ট পাঠক অনেক বেশি ইংরেজিভাষী হয়ে উঠেছে কালে কালে অথবা এ-ও বলা যায় যে, ইংরেজি ভাষাভাষী কবিকুল কি কাব্যোৎসাহীরা যেন ঐ সংখ্যায় প্রকাশিত কবিকুলের নাম স্বচ্ছন্দে পড়তে পারেন। অনেক ইংরেজী ভাষাভাষী পাঠকের হাতে হাতে ‘শব্দগুচ্ছ’ ঘুরতো যদি তাহলে সম্পাদকের নীতি কি কৌশল সম্পূর্ণ সফল বা প্রশংসনীয় বলে মনে করা যায়। ভিন্ন ভাষাভাষী পাঠকের হাতে হাতে ‘শব্দগুচ্ছ’ ঘুরে বেড়ায় কিনা অথবা বৈদ্যুতিক আলোকনিচয়ে পরিবেশিত ‘শব্দগুচ্ছ’ কি পরিমাণে অন্য ভাষাভাষী দ্বারা পঠিত, জানা নেই; এ সম্পর্কে কোনো মন্তব্য করা সমীচিন নয়।

পাঁচ

‘শব্দগুচ্ছ’ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ কেবল কবি নন—তিনি গল্পকার, ঔপন্যাসিক, প্রাবন্ধিক এবং তাঁর এক বড় পরিচয় তিনি ছান্দসিক। বাংলা কবিতার ভুনে তিনি পরিচিত নিশ্চয়ই, কিন্তু যুক্তরাষ্ট্রের বিশেষত নিউইয়র্কের ভিন্ন ভাষাভাষী কবি সমাজেও তাঁর পরিচিতি ঈর্ষণীয়। স্বভাবতই ‘শব্দগুচ্ছ’ সম্পাদনা কালে তাঁর কাব্যবোধ, রুচি, কাব্যদর্শন ও চাই কি জীবনবোধ কি জীবনদর্শনও পরিপূর্ণ ভাবে ক্রিয়াশীল থাকে। মানহীন কোনো রচনাই ‘শব্দগুচ্ছ’র পৃষ্ঠায় স্থান পায় বলে মনে হয় না। তবুও নবীন কবিদের রচনা নির্বাচনে সর্বদা কঠিন সম্পাদকীয় বিচারকাঠি প্রয়োগ করা চলে না, এটি বোধগম্য। এ-কারণে প্রকাশিত কবিতাসমূহের গুণাগুণ বিচার অনাবশ্যিক। কবিতায় ব্যবহৃত চিত্রকল্প, রূপকল্প, উপমা, উৎপ্রেক্ষা কি ছন্দ প্রয়োগের নানা বিবেচনায় কবিতার গুণাগুণ বিচার প্রকৃতই অর্থহীন। সেটিই ভালো কবিতা যেটি পাঠকের কাছে ভালো লাগে, তার হৃদয়ে স্থান পায়। তাই প্রকাশিত কবিতার গুণাগুণ বিচার ‘শব্দগুচ্ছ’র পাঠকের হাতেই থাকুক। সম্পাদক তো সর্বদাই তার সাহায্যে উন্মুখ হয়ে আছেন।

কলারডো

নাজনীন সীমন

‘শব্দগুচ্ছ’র সাথে পনেরো বছর

জীবনানন্দ দাশ বলেছিলেন, “সকলেই কবি নয়, কেউ কেউ কবি।” এই উক্তিটি যে কতোখানি সত্য, তা বলার অপেক্ষা রাখে না। একই ভাবে বলা যায়, কবিতা বা সাহিত্যের যে কোনো শাখায় নিয়মিত কাজ করলেই যে কেউ সম্পাদক হবার যোগ্যতা অর্জন করতে পারেন না। ফলতঃ তিরিশের দশকে পাঁচজন শক্তিশালী কবি থাকা সত্ত্বেও একজন বুদ্ধদেব বসুর প্রয়োজন হয়েছিলো ‘কবিতা’ নামক কবিতার পাটাতন তৈরী করতে যেখানে তিনি ঘটিয়েছিলেন নক্ষত্রমেলা এবং একান্ত নির্জনতার লাজুক কবিও আকর্ষিত হয়েছিলেন, লজ্জাবনত মুখে কবিতা নিয়ে হাজির হয়েছিলেন কেননা সম্পাদকের জল্পরী চোখ খাঁটি সোনা চিনে নিতে ভুল না করে ঠিক খুঁজে নিয়েছিলেন কবি ও কবিতা এবং ‘কবিতা’কে স্বাক্ষী করেছিলেন এক উর্বর সময়ের যার থেকে আজো ঋদ্ধ হচ্ছেন পাঠক।

সম্পাদনা শব্দটি খুব একটা ভারী না হলেও কাজটি বেশ জটিল, আর তা যদি হয় নিখাদ কবিতা পত্রিকার, তবে তো কথাই নেই। সাহিত্য সাময়িকীগুলো যখন চেনা মুখের বারংবার অযাচিত উপস্থাপনে নুয়ে পড়ে, কবিতা যখন খোলা বাজারের নষ্ট ফলের মতো মাছি টেনে আনে, তখন প্রয়োজন হয় সুদৃঢ় হাতের শক্ত লাগাম। অনেকেই লিটল ম্যাগ আন্দোলনের মাধ্যমে সম্পাদনার একটি নতুন দিগন্ত উন্মোচনে প্রয়াসী হয়েছেন বিভিন্ন সময়ে; কেউ কেউ সফলতার দ্বার ছুঁয়েছেন, কেউ বা মাঝ পথে থমকে গেছেন। অকবিতায় পাতা ভরানো থেকে কবিতা দিয়ে পত্রিকা সাজানো চের কঠিন। ১৫ বছর ধরে এই দুর্লভ কাজটিই করে আসছে ‘শব্দগুচ্ছ’।

‘শব্দগুচ্ছ’-র জন্ম বৃত্তান্ত কেউ কেউ হয়তো ভাসা ভাসা জানেন। দীর্ঘ দিনের স্বপ্ন, দৈনিকের সাহিত্য সাময়িকী খুলে হতাশার দীর্ঘশ্বাসে প্রত্যয়ের প্রলম্বিত ছায়া, সমালোচনার নামে পরিচিত মুখের অকবিতার ঝুড়িতে ফুলেল শুভেচ্ছার বমনোদ্রেককারী চিত্র দেখে উত্তরণের দৃঢ় প্রতিজ্ঞা, সাড়ে তিন হাজার ডলারে প্রিন্টারসহ একটি ম্যাকিনটশ কম্পিউটার কিনে রাত জেগে লেখা, তারও আগে একজন সাহিত্যিক বন্ধুর কাছ থেকে প্রায় ফেলে দেয়া পুরোনো কম্পিউটার স্বল্পমূল্যে নিয়ে বাংলা টাইপে হাত বসানোর চেষ্টা, আঁতিপাতি খুঁজে একটি স্বল্পখরচের মুদ্রণস্থান বের করা, অর্থ সাশ্রয়ের জন্য কেবল ছাপিয়ে এনে রাত জেগে পত্রিকা ভাঁজ করে পিন লাগানো, খামে ভরা, কবিদের—বেশীর ভাগ ক্ষেত্রে এমনকি প্রাপ্তি স্বীকারের সৌজন্যবোধহীন—ঠিকানায় পত্রিকা পাঠানো, দোকানে দোকানে পত্রিকা রাখার স্বল্পসক্ষম প্রচেষ্টা, পত্রিকার অঙ্গ সৌষ্ঠবের নানাবিধ সমালোচনা, দেশ বিদেশের নানা জায়গা থেকে ডাকযোগে কবিতা প্রাপ্তি, নানা চণ্ডের হাতের লেখা, একটি শব্দের বা শব্দবন্ধের আবিষ্কারের জন্য কোনো কোনো লেখা দীর্ঘসময় ধরে পড়া, অদৃশ্য কাঁচি দিয়ে কবিতার শরীর থেকে বাহুল্য সরানো, কখনো কখনো পঁচিশ ত্রিশ লাইন লেখার উপর নীচ থেকে মেদ সরিয়ে

হয়তো মাত্র কয়েক লাইনের সৌন্দর্যে পরিণত করা, আট দশটি কবিতা থেকে একটি কবিতার অংশ বিশেষ ছাপা, কবিতা ছাপা না হওয়ায় কবির কবিত্বে আঘাত, লেখা না চাওয়ায় অভিমান, কবিতা প্রথম ছাপা হওয়ার উচ্ছ্বাস, ধন্যবাদ জ্ঞাপনের চিঠি, প্রতিবার চিঠির বাস্তব খোলা, যথেষ্ট ভালো কবিতা না পাওয়ায় দুশ্চিন্তা, মুদ্রণ প্রমাদের কারণে মন কষাকষি—এমনি হাজারো গল্প সবার না জানারই কথা। যে সময়ে কম্পিউটারটি কেনা হয়, অতোগুলো টাকা তখন ছিলো বিশাল ব্যাপার। ছাপা খরচ, ডাকযোগে গ্রাহকের দ্বারে পত্রিকা পাঠানোর খরচ বহন করাও ঐ সময়ে যথেষ্ট কষ্টসাধ্যই ছিলো বটে। তবু জন্ম নিলো ‘শব্দগুচ্ছ’, নিন্দুকের নিন্দা পাশ কাটিয়ে এক দুই তিন করে পনেরো বছরে পা দিলো। খুব একটা মসৃণ ছিলো না এই পথ চলা, কিন্তু থামেনি কখনোই।

ত্রৈমাসিক হিসেবে আত্মপ্রকাশ এবং দীর্ঘ বারো বছর পর ষাণ্মাসিকে রূপান্তরিত ‘শব্দগুচ্ছ’ বাংলা কবিতায় একটি নতুন দিগন্ত উন্মোচন করেছে অনেকগুলো সুনির্দিষ্ট কারণে যার প্রথমটি হচ্ছে, বাংলা ভাষায় এটিই একমাত্র দ্বিভাষিক কবিতা পত্রিকা যেখানে কেবল ইংরেজী থেকে বাংলায় নয়, বরং অনুরূপ বাংলা থেকে ইংরেজীতে অনুবাদের মাধ্যমে কবিতার জগতে সেতুবন্ধন তৈরী করা হয়েছে। পরিসর ক্ষুদ্র এ কথা সত্য, তবে কিছুকাল আগেও আন্তর্জাতিক কবিতাঙ্গন রবীন্দ্রনাথ ছাড়া দ্বিতীয় কোনো বাঙালী কবির লেখা বা নামের সাথে পরিচিত ছিলো না। কিন্তু ‘শব্দগুচ্ছ’-র পাঠক আজ জীবনানন্দ, নজরুল, রাহমান, কাদেরী, আজাদসহ বাঙালী অনেক কবির লেখার সাথেই পরিচিত হতে পারছেন, দু’একজন প্রবন্ধও লিখছেন উপরোক্ত কবিদের কবিতা নিয়ে—নিঃসন্দেহে এটি এই পত্রিকার একটি বৃহৎ অর্জন।

‘শব্দগুচ্ছ’-র আরো একটি অনন্য সাধারণ বৈশিষ্ট্য হলো এটিই সম্ভবত বাংলাদেশের একমাত্র পত্রিকা যেখানে জীবিত কবিদের নিয়ে দু’টি অনুবাদ সংখ্যা প্রকাশ করা হয়েছে, যা লাইব্রেরী অব কংগ্রেস সহ নানা ভাষার পাঠকের হাতে পৌঁছেছে। প্রকাশ করা হয়েছে বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ ভাষা থেকেও অনুবাদ সংখ্যাও, বড়ো কবিদের কবিতা ভাবনা নিয়ে বিশেষ সাক্ষাৎকার। সব মিলিয়ে বাংলা ভাষায় তো বটেই, অন্যান্য অনেক ভাষাভাষী কবি, অনুবাদক ও কবিতাপ্রেমীর শুভকামনা, ভালোবাসা ও সমালোচনার অম্ল-মধুর বচনও কুড়িয়েছে।

কেবল লেখা প্রকাশ করাই নয়, দুই বছর অন্তর ‘শব্দগুচ্ছ কবিতা পুরস্কার’ ঘোষণা, তাতে বিভিন্ন ভাষাভাষী কবিদের একত্রিত করা, কাব্য বিনিময়ের ক্ষেত্র প্রস্তুত করা, পাঠকের মনোনিয়নের মাধ্যমে পুরস্কারের জন্য একজন কবিকে নির্বাচন করা, সম্মান প্রদর্শনের জন্য পুরস্কারপ্রাপ্ত কবিকে পদক ও অর্থ প্রদান ছাড়াও তাঁর একটি কবিতার বই প্রকাশের দায়িত্ব ইত্যাদি সন্দেহাতীত ভাবে বাংলা কবিতায় নতুন সংযোজন।

কতোখানি একনিষ্ঠ হলে এককভাবে অর্থাৎ কিনা কেবলমাত্র মুদ্রণ ছাড়া সমস্ত কাজের দায়িত্ব নিয়েও বছরের পর বছর একটি সুখপাঠ্য পত্রিকা বাংলাদেশ ও ভারতের

কাব্যপ্রেমীদের হাতে শতকরা ৯৯ ভাগ সময়ে বিনামূল্যে পৌঁছানো সম্ভব, তা বলার অপেক্ষা রাখে না। তারও চেয়ে বড়ো কথা, সম্পূর্ণ অপরিচিত কারো কবিতাও কেবলমাত্র ভালো কবিতা বা কবিতা হবার কারণে একটি পত্রিকায় ছাপা হতে পারে, বাংলাদেশে অন্তত এ সময়ে যখন এমন দৃষ্টান্ত নেই, তখন প্রশ্নাতীত ভাবে বলা চলে, ‘শব্দগুচ্ছ’ একটি ইতিবাচক ব্যতিক্রমী ধারা স্থাপন করতে সক্ষম হয়েছে।

পত্রিকাটি দেখতে খুব একটা স্বাস্থ্যবান না হলেও কবিতাপত্র হিসেবে নেহায়েত কৃশকায় নয়। জীবিকার্জন, সংসারের যাবতীয় দায়িত্ব শেষে একটি পত্রিকাকে মুদ্রণপ্রমাদমুক্ত করার উদ্দেশ্যে পাণ্ডুলিপির একাধিক পঠন খুব একটা সহজসাধ্য নয়, বরং যথেষ্ট সময় সাপেক্ষ। কতো কতো বার যে ঠিক সময়ে চূড়ান্ত পাণ্ডুলিপি তৈরী না হওয়ায় তিজতা হয়েছে, ইয়ত্তা নেই। কখনো কখনো একটি বানান ভুলের জন্যও বিরক্তির বহিঃপ্রকাশ ঘটেছে। অবশ্য প্রতিবারই প্রফ সংশোধন করার দায়িত্বপ্রাপ্ত বিনা বৈতনিক এই নিবন্ধকারের প্রচণ্ড খারাপও লেগেছে আরও সচেতন না হবার কারণে; ‘শব্দগুচ্ছ’ তো লেখকের মস্তিষ্ক ও হৃদয় প্রসূত লেখার ধারক, তাই এর প্রকাশ নিখুঁত হওয়া প্রয়োজন। আবার কখনো নতুন পত্রিকা ওল্টানোর সাথে সাথে মারাত্মক কোনো ভুল চোখে বিঁধেছে হারপুনের মতো। ক্ষেত্র বিশেষে হোয়াইট আউট দিয়ে মুছে কলম দিয়ে সবগুলো কপি উল্টে বানান শুদ্ধ করা হয়েছে অসাবধানতার নিকুচি করতে করতে।

‘শব্দগুচ্ছ’ প্রকাশের সবচে’ আনন্দের স্মৃতি হলো রাত জেগে স্বয়ং সম্পাদক, কবি রুকসানা রুপা ও এই নিবন্ধকারের মেঝেতে বসে পত্রিকা ভাঁজ করে পিন আঁটা, পাশে তিন কাপ লাল চা, মুড়ি বা বিস্কুট, কখনো সিঙ্গাড়া, পানের সরঞ্জাম; আর হাসি ঠাট্টা তো ছিলোই। সাথে সাথে কবি ও কবিতা নিয়ে প্রাণখোলা গল্পের পাহাড়, স্মৃতিকথায় প্রকৃতির ঘড়িতে গভীর রাত, অথচ মনে কোনো ক্লান্তি ছিলো না। কখনো কখনো আবার গোছানো পত্রিকার বাস্তবের ভেতর সম্পাদক পুত্র, তখনকার ছোট্ট একক-এর বসে পড়া, মুখে লাল ঝরাতে ঝরাতে ছোটো দুই হাতে পত্রিকা ভাঁজের প্রাণান্ত চেষ্টায় সকলের হাসির দমক তুলে দেয়া—কতো কতো গল্প জমা হয়ে গেছে ‘শব্দগুচ্ছ’-র চলার পথে, ইয়ত্তা নেই। তবে একটি স্বীকারোক্তি না করলেই নয়: কথিত আছে যে বাংলাদেশে নাকি অল্প বয়সে কবিতা লেখেননি এমন কেউ নেই। হয়তো অল্প বয়সে তেমনি এই নিবন্ধকারও লিখতেন; বলাই বাহুল্য নজরুল, রবীন্দ্রনাথের মতো মিল রাখার প্রাণান্ত চেষ্টা থাকতো সেইসব লেখায়। অন্যদিকে আধুনিক কবিতা পড়া শুরু করার আগেই বোধ হয় শুরু হয়েছিলো আবৃত্তি শোনা। দুঃখজনকভাবে যেহেতু কবিতা বা গানের ক্যাসেটে কণ্ঠশিল্পীরই জয় জয়্যাকার হয়; ফলতঃ কোনটি কার কবিতা না-জেনেই, অনেকগুলো কবিতার প্রেমেও তিনি পড়েছিলেন। তারপর একসময় পিতৃব্যের হাত ধরে আধুনিক কবিতায় অল্প অল্প করে প্রবেশ করেছিলেন, যেখানে সম্বল ছিলো বই এবং পত্রিকার সাহিত্য সাময়িকী। কবিতার তীব্র জোয়ারে কেমন করে যেনো নিজের লেখার সাহস হারিয়ে গিয়েছিলো, তালাবন্ধ টেবিল ড্রয়ারের এক কোণে স্থান পেয়েছিলো কবিতার ডায়েরী, কেননা বাড়ীর সবার হাতে পড়ার লজ্জা থেকে বাঁচার ওটিই ছিলো সর্বোত্তম পস্থা। এরপর বহুদিন লেখাই ছিলো থেমে। ‘শব্দগুচ্ছ’র প্রথম সংখ্যা

বেরোনোর প্রাক্কালে, ঠাট্টাচ্ছলে সম্পাদকের বরাবরে নিজের কবিতা প্রকাশের ইচ্ছা প্রকাশ করলে তিনি তখন ততোধিক ঠাট্টায় কিংবা সত্যি সত্যি বলেছিলেন, প্রকাশ যোগ্য কবিতা লিখে দিলে নিশ্চয়ই ছাপা হবে। তারপর কেমন করে যেনো মনের তালাবন্ধ লুকোনো ড্রয়ার খুলে যেতে থাকলো। ততোদিনে অবশ্য সম্পাদকের সহযোগিতায় অনেক অনেক কবি ও কবিতার সাথে পরিচয়ও ঘটে গিয়েছিলো। এই দীর্ঘ পথপরিক্রমায় যদি একটি কবিতাও লেখা হয়ে থাকে তবে ‘শব্দগুচ্ছ’কে দ্বিধাহীন কৃতজ্ঞতা।

কবিতা পত্রিকার পনেরো বছর পূর্তি খুব একটা সহজ কথা নয়। সেই কঠিন কাজটি সম্পন্ন করেছে ‘শব্দগুচ্ছ’ সত্যিকার কবি আর কবিতাপ্রেমীদের ভালোবাসায় আর্দ্র হয়ে; নিশ্চিত ভাবে বলা যায়, আরো প্রশস্ত হবে এর পথ চলা। ষোড়শ এই পত্রিকাকে জন্মদিনের শুভেচ্ছা; প্রত্যাশা যেনো কেবল বাহ্যিক রূপ নয়, বরং একটি শক্ত পাটাতন হয়ে এটি ধারণ করতে পারে প্রকৃত কবি ও কবিতার সমৃদ্ধ ভাণ্ডার, হয়ে উঠতে পারে কবিদের নিশ্চিত ঠিকানা, তৈরী করতে পারে সত্যিকারের সমালোচনার ধারা।

নিউইয়র্ক

হাসান সাব্বির

শব্দগুচ্ছ: চেতনার আত্মকথন

‘আপনি কী আমাকে চিনতে পারছেন?’ তারপর যখন নিজের নাম বললেন এবং বললেন আমি আপনার সাথে কথা বলছি নিউইয়র্ক থেকে—আপনার কবিতা ‘শব্দগুচ্ছ’-এ প্রকাশের জন্যে মনোনীত হয়েছে—তখন কতটা যে আপ্ত ছিলাম সেই মুহূর্তটা এখন বলা কঠিন। ‘শব্দগুচ্ছ’ সম্পাদক হাসানআল আব্দুল্লাহ প্রসঙ্গে আমি কী-ই-বা বলতে পারি, আমি তাঁর স্নেহধন্য হতে পেরেছি বলেই মনে হয় এবং বিশ্বাসও করি। ‘তারা’ হয়তো বলবেন স্তাবকতা বা স্তুতিবাক্য কিন্তু যেটুকু তাঁর পাওনা তার সামান্য এক কণা পরিমাণ বলতে পারবো কিনা সন্দেহ। নমস্য কবি শহীদ কাদরী তাঁর সম্পর্কে বলেন, ‘এ-কথা স্বীকার করতেই হয় যে সাম্প্রতিক কালে কবিতাকে যাঁরা ঐশ্বর্যবান করে তুলেছেন, হাসানআল আব্দুল্লাহ তাঁদের অন্যতম।’ সত্যিই তাই। ব্যক্তি কবি হাসানআল আব্দুল্লাহ’র সাথে আমার প্রথম দেখা বাংলা একাডেমী’র মহান একুশের বইমেলায় ২০১২ খ্রীষ্টাব্দে। সেই প্রথম মুখোমুখি কথা বলা, সৌজন্যতা বোধে তখনই আমি তাঁকে মনে মনে শ্রদ্ধার আসনে বসিয়েছিলাম যা এখনও আছে; জানি, ভবিষ্যতেও অব্যাহত থাকবে। গত বইমেলায় যখন তিনি তার ‘শীত গুكانো রোদ’ কাব্যগ্রন্থটি আমার হাতে তুলে দিচ্ছিলেন ওই মুহূর্তটি আমার কাছে চির স্মরণীয় হয়ে থাকবে। ‘শব্দগুচ্ছ’র এই বিশেষ সংখ্যায় আমি অনুভব করার চেষ্টা করি যখন প্রথম সংখ্যাটি আত্মপ্রকাশ করে তখন তরণ হাসানআল আব্দুল্লাহ’র অনুভূতি কেমন ছিল। জানি, এ সম্পর্কে আমার জন্য বলা ভীষণ কঠিন কারণ আমার সাথে ‘শব্দগুচ্ছ’র প্রথম দেখা মনে হয়, এইতো সেদিন। যদিও আমার কখনও মনে হয় না সেদিনের সম্পর্ক যেহেতু ‘শব্দগুচ্ছ’ বিশেষভাবে কবিতার জার্নাল আর কবিতার সাথে আমার আশৈশব প্রেম সুতরাং মনে করি ‘শব্দগুচ্ছ’র শুরু থেকেই আমি এর প্রতি অনুগত, অনুরক্ত, সর্বোপরি গুণমুগ্ধ। এই সময়ে এসেও ‘শব্দগুচ্ছ’ গুণু প্রতিষ্ঠিত কবিদের নয় প্রতিশ্রুতিশীল তরণদের লেখা প্রকাশে যথেষ্ট আন্তরিক। বিশ্বাস করি, বিচিত্র অভিজ্ঞতায় ঋদ্ধ কবি স্পষ্টতই জানেন কবিতাকে বাঁচিয়ে রাখে উত্তরসূরীরা। আর তাই উত্তরসূরী তৈরী করাও একজন সম্পাদক ও কবির গুরুত্বপূর্ণ দায়িত্ব ও কর্তব্য। যদিও এই কর্তব্য অন্যান্য সম্পাদকরা কতটুকু কার্যক্ষেত্রে করে দেখান সে বিষয়ে কথা না বলাই শ্রেয়।

‘শব্দগুচ্ছ’র সাথে আমার সম্পর্কটি এখন প্রিয় স্বজন এর মত, আত্মীয় বলা যেতে পারে। আমার লেখা থাকলেও, না থাকলেও। দীর্ঘ ১৫ বছরের পথ পরিক্রমায় আমি এমন এক সময় এর সংস্পর্শে এসেছি যখন ‘শব্দগুচ্ছ’ বাংলা সাহিত্যে একটি বিশেষ মর্যাদায় অধিষ্ঠিত। একই সাথে বাংলা ও ইংরেজী কবিতার স্বাদ একমাত্র ‘শব্দগুচ্ছ’ই আমাকে দিতে পেরেছে। যদিও আমি ইংরেজী কবিতা যে খুব ভাল বুঝি তা নয়। তবুও বাংলা ও ইংরেজী কবিতার যে মেলবন্ধন ঘটিয়েছে সে কারণেই তাকে স্যাঁলুট করা যেতে পারে। আরও কতই না কারণ আছে ‘শব্দগুচ্ছ’ ভাললাগার। যখন আমি প্রথমবার লেখা পাঠাই তখনও ভাবিনি

সত্যি-সত্যিই আমার লেখাটি প্রকাশিত হবে। এখনও যেমন তখনও আমি ‘গলিপথে’ হাঁটছি! ‘শব্দগুচ্ছ’ কেন অসাধারণ তার অনেক কারণ আছে, কিন্তু সেই কারণের দিকে আমি যাবো না। আমি জানি, যারা ‘শব্দগুচ্ছ’র নিয়মিত পাঠক তারা অবশ্যই সব না জানলেও কিছু কিছু জানেন নিশ্চয়ই। কিন্তু যে মানুষটি তিল তিল করে ‘শব্দগুচ্ছ’কে আজ এই বিশেষ পর্যায়ে এনে দাঁড় করিয়েছেন তাঁকে শুধু শুভেচ্ছা আর অভিনন্দন জানালেই আমার জন্য যথেষ্ট নয়; আমি তাঁর প্রতি বিশেষভাবে কৃতজ্ঞতার বন্ধনে আবদ্ধ—যে বন্ধন ভবিষ্যতেও অটুট থাকবে এই বিশ্বাস আমার আছে। তাঁর প্রতি আমার সহস্র সালাম ও কৃতজ্ঞতা। প্রথম থেকেই তিনি আমাকে আপন করে নিয়েছেন, যতোটুকু তাঁর সাথে কথা বলেছি আমার শুধু মনে হয়েছে আমি এমন একজন মানুষের সাথে কথা বলছি যার পাশে দাঁড়ানো সত্যি ভাগ্যের ব্যাপার। যদিও আমি কখনও উদ্ধত নই তবুও নিজেকে স্তৃতিকারীদের অন্তর্ভুক্ত বলে মনে করি না। কিন্তু একজন কবি ও সম্পাদক হিসেবে কবি হাসানআল আব্দুল্লাহকে আমি অন্তঃস্থল থেকে শুভেচ্ছা ও শুভকামনা জানাই। সম্পাদনা না করলেও সম্পাদনা করার কাজে আমার যৎ-কিঞ্চিৎ অভিজ্ঞতা অর্জিত হয়েছে; সেই অভিজ্ঞতা থেকে বলতে পারি যে এটা মোটেই সহজ কর্ম নয়। যিনি একাধারে ‘শব্দগুচ্ছ’র মতো আন্তর্জাতিক জার্নালের সম্পাদক এবং কবি। একজন সনেট লিখিয়ে হিসেবে তিনি যে কত বড় মাপের কবি এই মুহূর্তে বাংলা-সাহিত্য নিয়ে যাঁরা গবেষণা করেন তাঁরা বলতে পারবেন। তবে ‘শব্দগুচ্ছ’-এ যে আমার লেখা প্রকাশিত হয়েছে, এটাই আমার জন্য অনেক গর্বের এবং সম্মানের। পত্রিকাটি সব-সময়ই ভালো কাজের মূল্যায়ন করে থাকে বলেই জানি।

‘শব্দগুচ্ছ’ই আমার জানা মতে একমাত্র পত্রিকা যেখানে বাংলা সাহিত্য তথা কবিতাকে উপস্থাপন করা হয় যা সরাসরি পশ্চিমা পাঠকরা পড়তে পারছেন। বাংলা কবিতাকে আন্তর্জাতিকিকরণের ক্ষেত্রে ‘শব্দগুচ্ছ’-এর ভূমিকা ঈর্ষণীয়। তাছাড়া, পত্রিকাটি সব সময়ই তারুণ্যকে প্রাধান্য দিয়ে আসছে। যে ক’টি সংখ্যা আমার দেখার সৌভাগ্য হয়েছে এ কথা নিঃসন্দেহে বলা যায় ‘শব্দগুচ্ছ’ একমাত্র আন্তর্জাতিক বাংলা কবিতার জানালা যে জানালায় চোখ রাখলে মনে অদ্ভুত এক প্রশান্তির ঢেউ খেলে যায়। নিজস্ব ওয়েবসাইটের মাধ্যমে বাংলা সাহিত্যকে বিশ্ব-সাহিত্যঙ্গনে উপস্থাপন করছে।

‘শব্দগুচ্ছ’ ও কবি হাসানআল আব্দুল্লাহ একে অপরের পরিপূরক। শ্রদ্ধেয় শামসুর রাহমান বলেছিলেন, বাংলা কবিতার বিশ্বায়নে কবি হাসানআল আব্দুল্লাহ’র ভূমিকা অপারিসীম এবং তা শ্রদ্ধা পাওয়ার যোগ্যতা রাখে।

‘শব্দগুচ্ছ’র ১৫ বছর পূর্তিতে বাংলা কবিতার বিশ্বায়নের এই সফল যাত্রায় পত্রিকাটির কল্যাণ কামনা করে ‘শব্দগুচ্ছ’ ও কবিকে স্যালুট জানাই।

মাগুরা

Stanley H. Barkan

DHAKA, QUEENS

(for Hassanal Abdullah, 14 April 2013)

I walk the streets
of Dhaka . . . Queens!

Men, women, children—
all walking, too, with
a quick and happy step.

Faces full of festive
promise,
joy in this new place.

The women are
in sparkling holiday dress
—red & green—
the colors of Bangla.

It is the birthday
of Bengali,
the language
of Bangladesh.

It is also
my poet friend's birthday—
a double celebration.

Crowds gather
in a courtyard:
many speakers,
poetry readings,
singing, & dancing.

The streets have everything:
restaurants,
groceries,
bakeries,
jewelry,
clothing,
toys . . .

Queens is jumping
in Bangla rhythm.

In the car, my poet friend
plays a tape and sings
some of the 400
songs he's written.

The tape he plays
is varied with
woodwinds, strings,
brass, and drums.

The songs are
of love & loss.
They all link
yearningly
back to Bangla.

I am admitted,
privileged,
to walk with,
among
these new Americans
on the streets
of Dhaka, Queens.

Bangla America—
I love you!

Merrick, NY

Nirmolendu Goon

02

So, does the body hold the mind?
Or is it the mind that peeks out of the body?
Fifty four summers has vanished and yet
The quarrel goes on!!
The war between mind and body
Leaves Batsayon torn in blood and tears.

Rational mind rules, the mighty mind
The body is thrown under feet
Self denial, the body loses the war
Master of self denial, Batsayon!!

The truth, the truth comes
Even though unrelenting days of hardship are over,
He knew it is the body and the essence of manhood
Not the mind, never the mind.
Mind changes and takes shape of the container
Mind changes over time, from place to place
Mind acts to survive the times, but
The body is still, ancient
The drive of desire is the truth
The truth that made Galileo unmovable.

03

The rice is boiling over
Rice will get sticky, oh so sticky...
Let it be, I will eat it sticky.

Don't! My sari ahh;
The rice is boiling over
Rice will get sticky, oh so sticky...
Let it be, you stay here
I will eat it sticky.

04

Chondi Das, a poet of all ages,
He never read Batsayon.
I have studied him
Like there was nothing else to do.

Batsayon taught me woman,
Taught me lovemaking
The way to cum and cum again;
Life would end up at zero
The fame of poems does not even begin to
Compare with being in rapture,
Just once!

I got him only once but he gifted me
Millions of lives and billions of years.

06

Rape, the clear sky trembles with every thrust from the dark cloud.

Rain in the city? A joke I think.
Rain in country, where you walk in water, yes!
I found her there by accident of birth.

I came out of the womb, the sky was ripped open
Rain came as if in ecstasy,
Birth chamber coals wet and useless.
I can claim Rain as my mother,
Wraps me up in her enveloping embrace.

Rain in Dhaka, keep looking up
Empty sky makes my heart burst,
A song, maybe, a homage more likely.

Dhaka

Translated from the Bengali by Kayes Ahmed

Clinton Van Inman

Sylvia

I hear they have placed
A pretty blue plaque
High above your flat
So that tourists can find you
And say that this is the spot
Where you killed yourself.

Lucky girl, you modern Sappho
To take the quantum leap
Like a comet to take your place
Among the darkest regions of empty space
With a brilliance that few can keep
And even less the mind to know
Where no dull planet can perturb you
As fallen flowers have no faces.

Florida

John McLeod

My Torment

I let my insecurity and prurience rule my life, my first regret.
Followed by an education in banality.
I rue the day that I defended my bugbear, with an idle threat.
Exposing my weakness and justifying a call to security,
Spawning an unholy clique, a furtive phantom, that will not go away.
Now receding, ever retreating, only needing a reason to vent,
Only light of day holds them at bay.
A pent-up, self-righteous tide, regardless of my repent.

Don't pretend that "it's over".
It isn't for me, and never will be!
As heavy as my condition, and as light as a feather,
At my home and beyond the sea.
What do "the better Angels of their nature" represent?
Looming and daunting, "justified and deserved;"
My interminable torment.

Eight

They're "them." They're "they." They're "those people."
Too many to cross or ignore,
Too vague to accuse or reason.
Wrathful, fearsome, and proud of it.
Above reproach, yet complicit.

They were a rumor, a phantom.
With no account more than themselves.
Evocative of the people
Whom I have ever known that I
Never wanted to see again.

Shabdaguchha, Issue 59/60

The murk has passed, gone with the tide.
They were the strange scent in the air,
The friendly pall, the looming shade;
The squeaky wheel of righteousness,
And the grassroots of fascism.

Florida

মতিন রায়হান

দরিয়াগাথা

আবার এসেছি ফিরে বাহুল্য জীবনের তীরে
 অদ্ভুত বোধেরা নাচে ধীরলয়ে ইশারা-ভাষায়
 কারা খোঁজে আঁতিপাঁতি খররোদে মানুষের ভিড়ে
 জীবন-নদীর ঢেউ দৃশ্যময় তুমুল আশায় ...

মাছরাঙা ঠোঁট নেড়ে উড়ে গেলে জলস্থল কাঁপে
 গুণ্ডকের পিঠ ভাসে থেকে থেকে অবাক রোদ্দুরে
 জাল বোনে জেলবউ, জেলেরা জলের সীমা মাপে
 দখিনা তুফান এলে কাঁপে খুব নদীতীর- দূরে!

জলের সীমান্তে কারা যায়, ও দরিয়া খোঁজ রেখো
 আকাশে উতল মেঘ, শঙ্কাদৃশ্য—ভয়ে ভয়ে থাকি
 বদর-বদর জপি, বুক কাঁপে দুর্গদুর্গ দেখো
 উজানে-ভাসানে নাও, রাশি-রাশি শূন্য-ওড়া পাখি

আবার এসেছি তীরে মায়াময় শস্য-ভরা নাও
 পুরান পাখিরে ডাকো, উজাগর প্রাণ খুলে গাও।

ঢাকা

রাসেল আহমেদ

গুহাচিত্র

গুহায় দীর্ঘকাল...

বল্লা হরিণে মাংসের স্বাদ; অন্য মন্ত্রসিদ্ধ
আগুন দেখে তার আঁচে রান্না-
কেটে যায় প্রেম আর অপঙক্তির সুদীর্ঘ বৎসর...

পুরাতাত্ত্বিকের ফসিল তত্ত্বরচনায় মত্ত...
আমাদের রহস্যের চাবির আওয়াজে তখন
মুচমুচে বিস্কুটের সুদীর্ঘ আঁণ; এক বাসে বসে
অন্য বাসের কারো হাতের পত্রিকা
লুকিয়ে পড়ে ফেলার হীনমন্যতায় কেটে যায় দগদগে দিন

ম্যাজিক

রাজহাঁসের ডাকের মত তীক্ষ্ণ শব্দে খুললো লোহার দরজা
ঘরোয়া দড়িতে কালো একথোক বুলন্ত মেঘ দেখে
আগন্তুকদের মধ্যে কেউ একজন সোল্লাসে চৌঁচিয়ে উঠলো, দারণ ম্যাজিক!

তোকে বলি, কাঁটাতার দেখা যায় এবং বোবা প্রেত
পাহারায় নত, সুতরাং আচমকা হেঁটে না গেলেও হয়।

বইয়ের পাতায় জমা বরফের ইতিহাস এবং জ্বলন্ত দেশলাইয়ের অভ্যন্তরে
তোকে দেখতে দেখতে
তোর আদরণীয় বাদামপাপড়ির শরীর মুখে ছড়িয়ে নিই

ম্যাজিকের দূরত্ব পথ তৈরী করে না, করে কিছু অব্যবহৃত চোখ

ঢাকা

রনি অধিকারী

নারীর নাম নদী

এই পথ মিশে যায় নদী জল অথৈ সমুদ্র
 সূর্যালোকে জলস্তম্ভ যেন এক পাহাড় প্রাচীর ।
 প্রশ্নের শাসন ভাঙে অতঃপর ছুটে চলে ভয়
 তবু ভয়ে বুক কাঁপে কেন যেন মানে না শাসন ।
 সব কিছু মনে হয় পড়ে আছে অজ্ঞাত আড়ালে
 অচেনা বাতাস ছোঁয় সাঁই সাঁই শরীরের ভাঁজ...
 মায়াবী চোখের জলে জন্ম নেয় অপলক নদী
 জলকণ্ট জলমেয়ে আহারে নারীর নাম নদী ।

একটি উজ্জ্বল ঘোড়া

পায়ে হেঁটে ক্রমাগত রাতের আকাশে
 সবুজ মেঘের সিঁড়ি বেয়ে
 একটি উজ্জ্বল ঘোড়া নেমে এলো বুঝি!
 ক্রমশ ঘোড়াটি নাচে চোখের গুহায় ।
 ভীষণ প্রলুব্ধ ক'রে অশুভ আত্মারা
 অন্ধকার অক্টোপাসে মৃত্যু বাসা বাঁধে...

মধ্যরাতে অশ্বক্ষুর দ্বন্দ্ব নিরন্তর
 জলন্ত চিতায় দেখি মৃত্যুর নোঙর ।

শূন্য থেকে শূন্যতায়

সমস্ত শরীরে প্রার্থনার পরশ পেয়ে
 রাতকানা রাজহাঁসগুলো
 ছুঁয়েছে নিরন্তর স্তব্ধতাকে ।

জ্যাৎস্নার আড়ালে নিশ্চুপ দাঁড়িয়ে হাসতো
 কপোতাক্ষ জলের শান্ত সেই মেয়ে । এখন সে
 স্বপ্নের বুক মাথা রেখে কান পেতে শোনে
 অন্ধকারে বৃষ্টির শব্দ...

স্বপ্নীল মায়ার অবাধ চোখের সেই মেয়ে
চেতনার চূড়ায় লাজুক নূপুর পায়ে,
নিবিড় জ্যোৎস্নার ভেতর হেঁটেছিলো
শূন্য থেকে শূন্যতায় ভেসে ।

সবুজ চোখের নীড়ে

দিনের পিপাসা ছেঁড়া অবরুদ্ধ এক স্বপ্নচারী
সবুজ চোখের নীড়ে বাস করে আলোর কিশোরী ।
অনাবিল স্বপ্ন গাঁথে আলোকিত শুভ্র জোছনায়
কুয়াশার আবরণে অহর্নিশ সবুজ ছায়ায় ।
ঘুমের তলায় শুয়ে শরবিদ্ধ যন্ত্রণায় কাঁদে
যাতনা জীবন ঠেলে ফিরে ফিরে যায় শূন্য চাঁদে ।
বিধাতার অভিশাপে পুড়ে যায় আলোর শহর
অতঃপর শূন্যে ঝোলে বেদনার বিবর্ণ প্রহর ।

রাত্রির কাছে খোলা চিঠি

রাত্রি, অনন্তকে ছুঁয়ে যাও
হাত ধরো স্পর্শ করো অবয়ব ।
বৃষ্টিতে স্নান করো, অসুস্থ হও...

অরক্ষিত অন্ধকারে ভেজা পথ ধরে হাঁটো
গভীর মমতা নিয়ে প্রগতি জানাও প্রকৃতিকে,
চৈতন্য সত্তায় ফিরে পাক তোমার আকঙ্ক্ষা ।

প্রেমে তথা তীব্র বিষে তুমি নীল হও...
জানি, তুমি হতে পারো নীলাভ নিখিল নীলকণ্ঠ,
আমি তখন বাঁচার স্বপ্ন দেখি ক্রমশ, প্রগাঢ় ।

ঢাকা

মানস পাল

ছবিতে বাড়ির সিঁড়ি

এই সিঁড়ি ঠিক মনে পড়ে না ।

ছায়াচ্ছন্ন বিকেলও যেনো অনর্থক উদ্ভাসিত
আতা গাছের অবস্থানও যেনো কিছুটা বানানো ।
এ সবই ফেলে আসা বাড়ি
এ সবই ফেলে আসা রথযাত্রা
এই রাস্তা যেনো কারো
ভুল ভালবাসায় হারিয়ে যাওয়া ভুল পথ ।

এই বাড়ি সেই বাড়ি নয়
তাই ভুল দরজায় কড়া নাড়ি
যে দাঁড়ায় এসে সে তুমি নও

ভুল সিঁড়ি ধরে নেমে আসি ফের
ভুল বাসষ্টপে দাঁড়িয়ে অপেক্ষা করি—
আরেক গন্তব্য ডাকে ।

সুইডেন

অমিয়কুমার সেনগুপ্ত

অডিটারি হ্যালুসিনেশন

অডিটারি হ্যালুসিনেশনে ভুগছো নিবারণ! তাই ভাবছো
ঈশ্বর তোমার কানে মন্ত্র দিয়ে যাচ্ছেন। আর সে- কারণেই
সেই মন্ত্র-পালনে বশংবদের মতন, রোবটের মতন
যা খুশী তাই করে যাচ্ছে।
ঈশ্বরের মন্ত্রপুত নির্দেশেই
কারো গায়ে থুথু দিচ্ছে, কাউকে অশ্রাব্য গালাগাল করছো,
কাউকে বা মারতে উদ্যত হচ্ছে অথবা মারছো।

নিজেরও তো ইঞ্জুরি হচ্ছে তোমার!
কখনো বক সাজতে গিয়ে ঘাড়ে আঘাত পাচ্ছে,
কখনো বা হরিণ সাজতে গিয়ে মাথা ফাটাচ্ছে নিজের।

নিজের যা হচ্ছে হোক। কিন্তু যাদের প্রতি তোমার এই আচরণ
তারা তো আর ঈশ্বর-দত্ত মন্ত্র পায়নি যে
তোমার ওই আচরণ মেনে নেবে।
ওরা তো ইনসেন্স নয়, লুনেটিক নয়!
রেজিস্টার্ড সিজোফ্রেনিক রোগীও নয়।
ওরা মেন্টালি অ্যালার্ট। তাই প্রত্যাঘাত করছে তোমাকে।
তা কি তুমি ঈশ্বরের কানে তুলে দিতে পারছো?

পারছো না। পারবে না।

আসলে, ঈশ্বর-ফিশ্বর কিছু নয়। তোমার মাইন্ডটা,
তোমার ব্রেনটা স্বাভাবিক ভাবে কাজই করছে না।
এক আধ বার তাকেও তো বলতে পারো,
শালা, তোকে পেলে একবার দেখে নিতুম। তুই-ই যতো
নষ্টের গোড়া। তোর জন্যে দড়িকেও সাপ দেখছি,
অথচ তোকে এক মোমেন্টের জন্যেও দেখতে পাচ্ছি না।

কলকাতা

পল্লব বন্দ্যোপাধ্যায়

বেড়ে ওঠা মেয়ে

ঘুমহারা চোখে মা-পাহারা দেয়
 সদ্য ওঠা স্তনের বোঁটায়, কুকুরের খুনসুটি
 গুহামানবের দল লাল বেদনার রঙের চোখ নিয়ে
 ছোট্টাছুটি করছে এদিক থেকে ওদিক...
 অপেক্ষার রাত কবে শেষ হবে
 আসক্ত বিছানায় লেখা থাকবে অন্য পদবী

ঋতু চক্রের বেয়াদব পাড়া টপকে
 কালি মন্দিরের আর্দ্র আত্মা স্পর্শ করে
 অভাবের থিকথিকে স্যাঁতস্যাতে ফুটো-দেয়ালের
 হাঁ-গর্ভে শুধু আতঙ্ক—;

বেড়ে ওঠা মেয়েটিকে নিয়ে মন্দির থেকে ফেরার পথে আক্রমণ!

দীর্ঘ রেখায় আঁচড়ের রক্তপাত লজ্জার চরণামৃত দিয়ে
 শরীর ধোয়া আফালন উষ্ণ প্রস্রবনের পোষাকে
 চোখ ঠেলে বেরিয়ে আসে কান্নার বন্যা—

সহজেই জেব্রাক্রসিং টপকে যায় গায়ে গা লাগিয়ে কয়েকজন...

কলকাতা

অমিতাভ

বহুদিন ধরে

বহুদিন ধরে চেষ্টা করছি, তোমাকে
সোজা-সাপটা বলবো:

কেমন থাকছো আজকাল
চীনে কম্যুনিষ্টরা পুঁজিপতি
তা নিয়ে কী ভাবলে
বা, তিন হাজার পেরিয়ে চার হাজার কোটি ছুঁতে চললো
এবারকার খেলার বয়স
কী ভাবছো তার শেষ ধামাকা সম্পর্কে
কিমা...

যাকগে, তালিকা বাড়িয়ে লাভ নেই, বসো
বলো তো বরং সত্যি সত্যি
কবে নামাচ্ছে নিরাময় বটিকা
শীঘ্রপতনের।

মেয়েগুলো যে শুধু শুধু ছত্রাক হয়ে রইলো।

দিঘী

হাসানআল আব্দুল্লাহ

স্বতন্ত্র সনেট ১৮৬

শুক্ৰবার গত হলে আমিও উড়াল দেবো আকা-
জ্জফার সমানুপাতিক। হারাবার নেই কিছু, আছে
শুধু স্মৃতির তাড়না—দ্রেনের ভেতরে দেখা আলা-
ভোলা মুখ; জানা কিম্বা অজানার মোহাবিষ্ট শ্রোত।
শশব্যস্ত বিদেশী বিড়াল, পেরিয়ে গাড়ির চাকা
ঘরমুখো; আদিগন্ত বরফের চাঁই, গাছে গাছে
ঝুলে থাকা তুলো তুলো ক্ষণস্থায়ী তুষারের মালা।

এ মাটিতে জন্ম দেয়া আমার সন্তান—যার নাড়ি-
নক্ষত্র গ্রথিত বহুবিধ শিকড়-বাকড়ে, রক
মিউজিকে যদিও আসক্ত নয়, পাগল ক্রিকেটে—
এছাড়াও রেখে যাবো বন্ধুদের সাথে ওতপ্রোত
রাত জাগা আড্ডা-আয়োজন, এতোটা বছর পাড়ি
দেয়া শহরের গলি বেয়ে চলা সরব সড়ক;
ব্যস্ততা-দুশ্চিন্তা-প্রেম বারে পড়া পাতার পকেটে।

স্বতন্ত্র সনেট ১৮৭

বোধের বহির-বিশ্বে বিবিক্তির গাঢ় অন্ধকার
পা দু'খানা শক্ত করে দাঁড়িয়েছে সুসম্পন্ন সুখে;
পরিপূর্ণ রূপ তার অনাদায়ী স্বপ্নের সেবায়
অতর্কিতে সুসজ্জিত স্বেপার্জিত সান্ত্বনার বাঁকে।
ঘোরাক্রান্ত মানুষের রৌদ্রদগ্ধ অসুখী আকার
একে একে সমর্পিত, কেউ কেউ যদিও হুজুগে
সঙ্গমের হাঁটুমোড়া বর্শালিগু ক্রন্দন নেভায়!

দেখাদেখি জমা হয় ক্লেদাজ্জ কাদার সমতুল
কুয়াশার যথায়ুক্ত ক্ষুধার্ত মাতাল আস্তরণ,
সন্ত্রস্ত সন্ত্রাসে আনে সমধিক রিক্ত বিভীষিকা;
বাজপাখি ঠোঁট রাখে মধুযুক্ত মৌমাছির চাকে।
পৃথিবীর একপাড়ে শুদ্ধ কথা অন্যপাড়ে ভুল,
যেখানে বাঁচার আশা সেখানেই অযথা মরণ,
খাঁচায় আবদ্ধ দিন সংক্রামক রাত্রির ভূমিকা।

স্বতন্ত্র সনেট ১৮৮

এমন পশুত্ব থেকে বেরিয়ে আসার সামাজিক
সংবিধান নেই লেখাজোখা। অতএব আমি তাই
গরুর গোয়ালে বসে খড় বিচালির বুনো স্বাদে
নিজেকে সম্পৃক্ত করি। নিজের আয়ত্তে নিতে থাকি
যতোটা সম্ভব। হিংসা-দ্বेष-খিড়িনেস প্রত্যাহিক
জীবনের অংশ করে গন্ধযুক্ত গোবরে ঘুমাই।
ঝগড়ায় লিপ্ত হয়ে সারাদিন পড়ে থাকি খাদে।

আমরা পশুই বটে। আমাদের নানাবিধ কাজে-
কর্মে স্পষ্ট প্রমাণিত পশুত্বের সফল চেহারা।
নিজেতেই তৃপ্ত থাকি, যদিও দুর্লভ হাহাকার
চারিপাশে মানুষের—ক্ষুধার্ত, সন্ত্রস্ত, আনলাকি;
ভীতি, লোভ, করুণার হাতছানি অসত্য সমাজে—
অনুহীন, বস্ত্রহীন, রোগাক্রান্ত, ক্লিন্ন সর্বহারা—
তবুও অভ্রান্ত নীতি নিজেতেই গুটিয়ে থাকার।

স্বতন্ত্র সনেট ১৮৯

শিরোনামে দিয়েছি সাঁতার আনন্দের বিভাবরী
ধরে—জোনাকির আলো মিটিমিটি এখানে দেখায়
হারাবার সবগুলো পথ। জানা-অজানার সাথে
কথা হয়—তবু ভয়—গুঁতো খাই অযথা পাথরে!
এক পথ রেখে দিয়ে পড়িমড়ি আর পথ ধরি;
কখনোবা থিতু হই নিয়মিত কবিতা লেখায়—
কবিতা ততোই বাড়ে, যতো বাড়ে জোনাকিরা রাতে।

তারারাও আলো দেয়—অনুमानে যায় তবু হাঁটা—
মেঘের ঝিলিক থেকে কখনোবা বিদ্যুতের আলো,
কখনো বা পথচারি নিবুনিবু হারিকেনে গেলে
সেই আলো ছিটেফোঁটা আমার পথেও কিছু পড়ে।
সব পথ ঠিক নয়—কেউ নেয় অচিরে আঘাটা—
কখনো এমন হয় ঠিক পথ ফিরেই তাকালো!
তবুও প্রায়ই ব্যর্থ; কখনো সামান্য স্বস্তি মেলে।

কাব্যলোচনা

কবি হাসানআল আব্দুল্লাহ: কবিতায় এক উজ্জ্বল নক্ষত্র

রনি অধিকারী

কবি হাসানআল আব্দুল্লাহ। উত্তরাধুনিক শক্তিমান এক অগ্রসর কবির নাম। প্রচারের ডামাডালের বাইরে বিদেশ বিভূই-এ নিভৃতচারী আছেন এই মেধাবী কবি। স্বভাবে প্রচার বিমুখ এবং খ্যাতির প্রলোভন মুক্ত। উদার মানবতাবাদী, কাল ও সমাজ সচেতন, প্রগতিপন্থী এই কবির কাব্য-যাত্রা নব্বই দশকে। এ পর্যন্ত প্রকাশিত গ্রন্থ সংখ্যা ২৪। ‘শব্দগুচ্ছ’ নামে একটি ছোট্টকাগজও সম্পাদনা করেন।

কবি হাসানআল আব্দুল্লাহ নতুনত্বের সন্ধানী, এবং তাঁর নিরন্তর পরিবর্তনশীলতার দৃষ্টান্ত কবিতায় প্রতিফলিত:

পায়ে পায়ে হেঁটে এসে কুয়াশার কুটিল সভ্যতা
বিস্তর বাহাস করে কাঁটাতারে ঘিরে দেয় সাধ
ধারালো ছুরির আঁচে রোদ কেটে করে ফালাফালা
অবসন্ন মহাকাশে আরো এক নক্ষত্র পতন...
[সময়ের তাড়া খেয়ে, পৃ: ৩১]

কবিতা বা সাহিত্যচর্চাকে কোনো নির্দিষ্ট ছকে বা ছাঁচে ফেলা বড়ো দুর্ভাগ্য হয়ে পড়ে। মানুষ যা অনুভব করে—একান্তে, মনের গহীনে যে-সব ভাবনার তোলপাড়, সেগুলোকে বিশেষ ভাষাভঙ্গিতে উজাড় করে জানাতে চায়। ব্যক্তি বিশেষে এই প্রকাশ ভঙ্গি হয় ভিন্ন। একদম অন্যরকম।

শব্দ নেই শূন্যতায় একটা শুধু চাকা
সেখান থেকে বাড়ছে স্মৃতি সান্ত্বনার ছাপ,
মানুষ নেই মানুষ কই মাঠখানা যে ফাঁকা;
সূর্য আছে এবং তার হালকা অনুতাপ।
[আমরা তিনজন, পৃ: ১৫]

তবে একই উপলব্ধি বা বিশ্বাস, উপলব্ধিগত বোধ প্রকাশ-সমৃদ্ধ সমিল সাহিত্য-পরিমণ্ডলও পরিলক্ষিত হতে পারে। তেমনি একটি সাহিত্য-তত্ত্বের নাম পোস্টমর্ডার্নিজম বা উত্তরাধুনিকতা।

পায়ের কনিষ্ঠ নখ থেকে মাথার উড়ন্ত চুল
কাল রাতে ওর সমস্তটা ছিলো
শুধু আমার দখলে
যেনো আমি বাইশের এক টগবগে নির্ভুল সাহস
আর সে-ও ছিলো আঠারোর ফুটন্ত কুমারী
দ্রবীভূত হয়ে যাই
আমি তাই
পুরোপুরি তার আদ্যন্ত মুকুরে ।
[ছায়াপথে উদ্বেগ, পৃ: ৭]

কবি হাসানআল আব্দুল্লাহ কবিতাকে স্থাপন করেছেন অস্তিত্বের মর্মমূলে । শিল্প চেতনায় তাঁর
কেন্দ্রীয় শক্তির উৎস মানব অস্তিত্ব বিষয়ক ভাবনায় । কবিতাকে তিনি জীবনের সংরাগ আর
অভীক্ষার আগ্নেয় উদ্ভাসন বলেই বিবেচনা করেছেন । তাঁর কবিতায় এই প্রাজ্ঞ চিন্তার প্রকাশ
ঘটেছে সর্বত্র ।

গীর্জার ঘণ্টারা আর মসজিদের আজান
দিকে দিকে ভয়ঙ্কর
আপোষের একসাথে খুলে দেয় দ্বার ।
অসংলগ্ন আর্তির অতীতে
পড়ে থাকে ভাঙাচোরা মানুষের হাড়;
নিরঙ্কুশ যৌন পীড়নের দায়ে ফাঁসি হয় স্বতস্কৃত কবিতার ।
[শব্দ মৈথুনের কাল, পৃ: ২০]

বিষয়াংশ, ভাব-পরিমণ্ডল এবং প্রকরণ-প্রকৌশলের বিবেচনায় হাসানআল আব্দুল্লাহ'র কবিতা
বাংলা সাহিত্যধারায় নিঃসন্দেহে স্বাতন্ত্র্যের পরিচয়বাহী । সময় ও সমাজের দ্বন্দ্বিক বিকাশ,
কবি-আত্মার গোপন বাসনা এবং মানব অস্তিত্বের অভিলাষকে কবিতায় শিল্পিত করাই এই
কবির নিগূঢ়তম সাধনা ।

বাস্তব জীবনের সংকট-সমস্যা, সংঘাত-সংগ্রাম, ক্লান্তি, গ্লানি-ঘৃণা, দহন-পীড়নের
পোড়-খাওয়া অভিজ্ঞতা তাঁর কবিতার একান্ত প্রগাঢ় উপাদান । এটি মূলত উত্তরাধুনিক
কবিতার একটি প্রধান লক্ষণও বটে । কবি যাপিত জীবনের প্রতিকূলতার সঙ্গে কখনো
আপোস করেননি । তাই বলা যায়, প্রতিভাবান মেধাবি এক কবি জীবন ঘষে শিল্পের আগুন
জ্বালিয়েছেন ।

যেভাবে খানখান;
ভাঙবে মাঠঘাট, ভাঙবে জনসভা
ভাঙবে আলগোছে হাজারো ভেবে রাখা স্বপ্ন সম্ভার;

বিপুল ঝড় এলে যেমন ভেঙে যায় সুখের ঘরবাড়ি।

দিবস ভেঙে গেলে দিনও ভেঙে যায়—

সন্ধ্যা ভেঙে গেলে রাতও ভেঙে যায়

খুঁটির ভেঙে গেলে যেমন ঘরখানা।

[সন্ধ্যা সমাচার, পৃ: ৮]

মানুষ, সমাজ-সংসার, স্বপ্ন, প্রেম-প্রকৃতি, নারী, নিসর্গ, বিচিত্র নিবিড় ভালোবাসা তাঁর কবিতায় প্রশ্রয় পায়। নব্বই দশকে যে স্বল্পসংখ্যক কবি কাব্যচর্চায় প্রতিভার স্বাক্ষর রেখেছেন হাসানআল আব্দুল্লাহ তাঁদের মধ্যে অন্যতম উজ্জ্বল নক্ষত্র। কবি জীবনের তাৎপর্যকে সামগ্রিকভাবে অনুধাবন করেছেন তিনি। মূলত এ কারণেই নিরহংকার এক মহৎ জীবন তাঁর কাম্য প্রতিনিয়ত। এমন জীবন বিকশিত হতে পারে শুধু বৈষম্যমুক্ত, গণতান্ত্রিক ও পরাধীনতামুক্ত একটি সমাজেই। অতএব, কবি মনে করেন, এরূপ একটি সমাজই আমাদের কাঙ্ক্ষিত ও প্রত্যাশিত।

হাসানআল আব্দুল্লাহ, শীত শুকানো রোদ, প্রকাশক: অনন্যা, প্রচ্ছদ: মোমিনউদ্দীন খালেদ, প্রকাশকাল: ফেব্রুয়ারি ২০১৩, পৃষ্ঠা: ৯৬, মূল্য: ১৫০ টাকা

LETTERS TO THE EDITOR:

1.

হাসান ভাই

শুভেচ্ছা নিবেন।

নব্বই দশকের কবিতা নিয়ে বিশাল একটা সংকলন হবে। সম্পাদনার দায়িত্ব পালন করবেন অগ্রজ কয়েকজন কবি। মোট ৪০ ফর্মার মতো হবে সংখ্যাটি। এখানে নব্বই দশকের কবিতার নির্যাস তুলে ধরা হবে। আপনার ১৫-২০ টি বাছাই করা কবিতা ও আপনার কবিতার সামগ্রিক দিক তুলে ধরে অগ্রজ কোন কবি-সমালোচককে দিয়ে প্রবন্ধ। সেই সাথে পাঠাবেন আপনার কাব্যগ্রন্থের কভারের ছবি, আপনার ছবি ও ডিটেইল কবি পরিচিতি।

মনসুর আজিজ, ঢাকা

12.25.2012

2.

Hassanal,

please find attached my piece for the celebratory issue.

I thought I would like to include a couple of words in Bengali, but I'm not sure that the phrase (found on the internet and checked against GoogleTranslate) is quite right as I found two different versions! Perhaps you could advise—or simply exchange for 'Happy Birthday.'

I am very grateful for your invitation to write some words in support of *Shabdaguchha* at this milestone. And it is important for me that you should feel happy with what I write ...

so please let me know if there is anything that you would like me to change, particularly any cultural considerations etc.

David joins me in sending our congratulations and best wishes,

Caroline Gill, UK

4.8.2013

3.

Dear Stanley,

Although it is impossible for me to participate, I so appreciate being asked and wish you all a wonderful Festival. Please tell Hassanal Abdullah how highly I think of Shabdaguchha. I understand only too well the tenacity and hard work as well as sacrifices that go into producing such a high quality magazine. He has really done wonderful things to promote poetry and poets. Congratulations and much love to him. Here's to a wonderful Festival and celebration of his 15th Anniversary. And here's to you, Stanley, who for four decades has been such an extraordinary producer of books , readings, and festivals—as well as a brilliant and original poet.

Love,

Laura Boss, NJ

4.9.2013

4.

Shabdaguchha, ie, a cluster of words, is a 50/50 bilingual mag compiled by a dynamic and dedicated editor out of Queens, NY. This 62 page, stapled bound issue features six Cajun poets, with a brief but informative essay on the Cajuns by poet/professor Beverly Matherne. From Bengal to the bayous—what a leap! Tagore's baton now passes to a new generation. In "Cajun," Sheryl St. Germain takes on authenticity and identity: "I want to take the word back into my body, back/from the northern restaurants with their neon signs/announcing it like a whore. I want it to be private again,/I want to sink back into the swamps that are nothing/ like these restaurants, the swamps/with their mud and jaws and eyes that float/below the surface...."

All best,

David Gershator, VI

4.11.2012

5.

Dear Hassanal, thank you for the publication of my poems (the issue looks great) and for the best wishes. I too wish you a Happy New Year.

Best.

Isaac Goldemberg, NY

12.31.2012

6.

ভাল হয়েছে সংখ্যাটি। বেশ ক-টি কবিতা ভীষণ ভাল লাগল। সম্পাদককে অভিনন্দন। তবে শুধু কবিতা কেনো, গল্পের কি এরকম একটি আন্তর্জাতিক কাগজ বের করা যায় না? আমাদের এই সময়ের তরুণ গল্পকারদের গল্পও তো আন্তর্জাতিক ঘরানায় পৌঁছানো দরকার।

চন্দন আনোয়ার, রাজশাহী

১২.৩০.২০১২

7.

ভালো থাকবেন...এবারও আমার কবিতা নেই...ঠিক আছে...পত্রিকাটি আমার প্রিয়...আর লেখা পাঠাবো না...ভালো থাকবেন দাদা...শ্রদ্ধা ও শুভেচ্ছা...আপনাকে আর বিরক্ত করবো না।

সুবীর সরকার, ভারত

12.31.2012

8.

Before opening my present, I want to let you know that Robert Dunn is gone, but not forgotten.

Since his death, four years ago, I have made made periodic visits to Marsha in the nursing home. She is appreciative and alert, though largely immobile.

Two weeks ago she had a swollen lip, which I misinterpreted as being a serious disorder. When I returned last Friday her lip was better. She assured me that it was not better although I assured her it was much improved.

Regards to your wife and son.

Many thanks for your efforts on behalf of the poetry world, which we share most wonderfully.

I remain, mostly faithful—

Babette Albin, NY

12.31.2012

9.

Dear Hassanal Abdullah, thank you for your mail. May this new year bring peace and joy in your life and take you towards excellence. Wishing you a very happy NEW YEAR 2013.

Dr. Gholam Moyenuddin

Retd. Director, Bangla Academy
12.31.2012

10.

কলকাতা থেকে এগারো বছর ধরে বের হচ্ছে সাহিত্যের ইয়ারবুক। শব্দগুচ্ছ-র নাম ছিলো না। এই মুহুর্তে যোগ করলাম। ফোন নাম্বার পাইনি। অনুগ্রহ করে ফিরতি মেলে পাঠিয়ে দেবেন।

জহিরুল হাসান, ভারত

02.09.2013

11.

ভাইয়া আপনার অটোগ্রাফ এর বইটা আমার অনেক বড়ো পাওয়া...আমি দেশ থেকে প্রচুর বই এনেছি, আপনার আর খোন্দকার আশরাফ স্যার এর বইটা আনতে ভুলিনি অনেক ভাল থাকুন...

ওমর ফারুক জীবন, কুয়েত

৭.১৪.২০১৩

12.

কবি

কঠিন হলে ও বাস্তব

তোমার সব অপ্রিয় সত্য কথা ।

প্রতিটা কলমের খোঁচায় খুলে যায়

নিদ্রিত মানুষের চোখের পাতা।

তোমার হৃদয় যেন একটা

অগ্নি শিখার মত অনির্বাণ

আর কলমের কালি ও কাগজ যেন

তোমার মনের শান্তির সম্ভাষণ

তুমি ধর্ম বাজ আর ফতোয়া বাজদের

সঠিক শিক্ষা গুরু

এসব অন্ধের মেরুদণ্ড ভেঙ্গে দিয়েছ বলে

দাঁত কিড়মিড় করছে
তোমার কবিতা পাঠে মনে হয়
এসব কথাই ভাবতে ছিলাম
কি দিয়ে শুধাব তোমাকে
সাধারণ ভাষাতেই জানালাম হাসানআল আব্দুল্লাহকে...

তাব্রীজ সরকার, ঢাকা

৫.৮.২০১৩

13.

আপনার 'শীতশুকানো রোদ' কবিতার বইটি পড়লাম। এই কবিতাগুলো বেশী ভাল লেগেছে: ছায়াপথে উদ্বেগ, পর্যবেক্ষণ, ঈশপের গল্প, জলের গল্প, যুবতী নারীর মতো, অনুভূতিগুলো, একটি ছবি, চোখের জলের ধারা, গরম সুপ ও ভিথিরির গল্প, নমিত আবেগ, আর্তনাদ, নো-এক্সিট, ভুল, সন্মোহনের ডাক, আমার কথা এখন আমি বলি না, যে ভাবে অধ্যায় শুরু হয়, সেইসব কথাগুলো, প্রচেষ্টা, আচরণবিধি, বিক্রি করছি সময়, ছড়ানো আকাশ, অচেনা মুখ, যাবার যন্ত্রণা, মানুষের কথা ইত্যাদি। শুভেচ্ছা এবং শুভ কামনা রইল কবি।

রুমানা গণি, ঢাকা

৪.৩০.২০১৩

14.

কেমন আছেন হাসানআল ভাই? আপনাকে ফেসবুকে দেখে বইমেলায় কথা মনে পড়ে গেলো। আপনার “শীত শুকানো রোদ” পড়ি মাঝে মাঝে। “শব্দগুচ্ছ” হাতে নিলেও আপনার কথা মনে পড়ে। জানি ভাল আছেন। তবুও চাই আরও ভাল থাকুন, সুস্থ থাকুন, আর অনেক অনেক লিখুন। আপনার অটোগ্রাফসহ বই, আমি ধন্য। অনেক অনেক ভালবাসা ও শুভেচ্ছা। এই ভক্তকে ভুলে যাবেন না প্লিজ।

হাসান সাক্বির, মাগুরা

৪.৩০.২০১৩

15.

স্যার, আপনার লেখা ‘কবিতার ছন্দ’ বইটা পড়েছি। অসাধারণ। আপনাকে ধন্যবাদ জানাতে চাই।

বিকুল হোসেন রোজারিও, চট্টগ্রাম

৬.১৫.২০১৩

Some of these letters have been reprinted from Facebook

 <p>আন্তর্জাতিক কবিতা উৎসব</p>	<p>International Poetry Festival Celebrating the 15th Anniversary of <i>Shabdaguchha</i> Presenting Poets in the Following Languages: <i>Bengali, Catalan, English, Italian, Persian, Polish, Russian, Sicilian, Spanish, Swahili, Turkish, Yiddish</i></p>
<p>Festival Committee: Hassanal Abdullah (Coordinator) Syed Mohammed Ullah (president)</p>	<p><i>Poetry, Music, Dance, Children Art Contest, On Stage Talk Show with Poets, Open Reading, more...</i></p>
<p>Advice: Stanley H Barkan Jyotirmoy Datta Minakshi Datta Faruque Azam Kawshik Ahmed M. Ataur Rahman Other Members: Nazrin Seamon (Seminar) Anisur Rahman Apu (Open Mic) Faruque Faisal (Poetry Recital) Bhyaun Ahean Habib (Media) Shagupatgin Sakti (Entertainment) Tahmina Shahid (Music) Tayabur Rahman Tomi (Transportation)</p>	<p>Participating Poets/Artists: শব্দগুচ্ছ, একটি আন্তর্জাতিক কবিতার বাগ</p> <p>Day 1 Poets House Friday, August 23 2-6 PM Poets House 10 River Terrace New York, NY 10282</p> <p>Day 2 Saturday, August 24 10 AM-6 PM Queens Library 89 Merrick Blvd Jamaica, NY 11432</p> <p>Day 3 Sunday, August 25 1-6PM Casa Barkan Cross-Cultural Communications 239 Wynsum Avenue Merrick, NY 11566</p>
<p>Contact: 646 244 8566 shabdawebs@aol.com</p>	<p>Hassanal Abdullah Faruque Azam Anis Ahmed Rita Balmina Nina Bolshakova Stanley H. Barkan Maria Bennett Sultan Catto Mia Barkan Clarke Kristine Doll Charles Fishman Mike Graves Emroy Hajra Robin Metz Yvette Neisser Moreno Michela Musolino Mindy Rinkewich Nazrin Seamon Bill Wolak</p> <p>Hassanal Abdullah Anis Ahmed Kawshik Ahmed Anisur Rahman Apu Rita Balmina Stanley H. Barkan Belal Beg Maria Bennett Nicholas Bins Sultan Catto Jben Chowdhury Mia Barkan Clarke Nandita Das Jyotirmoy Datta Minakshi Datta Sakina Deny Arthur Dobrin Kristine Doll Faruque Faisal Mike Graves Emroy Hajra Leigh Harrison Obaidullah Mamun Robin Metz Moumita Mukharji Yvette Neisser Moreno Michela Musolino Mizan Rahman Mohammed Ataur Rahman Mindy Rinkewich Danajoy Saha Gopan Saha Shahidul Sarkar Nazrin Seamon Syed Mohammed Ullah Bill Wolak and more...</p> <p>Anis Ahmed Kawshik Ahmed Faruque Azam Stanley H. Barkan Maria Bennett Nina Bolshakova Sultan Catto Mia Barkan Clarke Joan Digby John Digby Kristine Doll Charles Fishman Leigh Harrison Alyssa A. Lappen Robin Metz Michela Musolino Mindy Rinkewich Nazrin Seamon Fran Sisco Bill Wolak</p>
<p><i>Hosted by the Festival Committee to Celebrate the 15th Anniversary of Shabdaguchha</i> www.shabdaguchha.com</p>	

শব্দগুচ্ছ একটি উজ্জ্বল পত্রিকা
—শামসুর রাহমান

QUEENS LIBRARY *Enrich Your Life®*
presents

Celebrating the 15th Anniversary of
Shabdaguchha
শব্দগুচ্ছ

Hassanal Abdullah
Anis Ahmed
Kawshik Ahmed
Anisur Rahman Apu
Rita Balmina
Stanley H. Barkan
Belal Beg
Maria Bennett
Nicholas Birns
Sultan Catto
Jibon Chowdhury
Mia Barkan Clarke
Nandita Das
Jyotirmoy Datta
Minakshi Datta
Sakina Deny
Arthur Dobrin
Kristine Doll
Faruque Faisal
Mike Graves
Binoy Hajra
Leigh Harrison
Obaidullah Mamun
Robin Metz
Moumita Mukharji
Yvette Neisser Moreno
Michela Musolino
M. Ataur Rahman
Mizan Rahman
Mindy Rinkewich
Dananjoy Saha
Gopan Saha
Shahidul Sarkar
Naznin Seamon
Syed Mohammed Ullah
Bill Wolak and more...

INTERNATIONAL Poetry FESTIVAL

Featuring poetry readings in Bengali, Catalan, English, Italian, Persian, Polish, Russian, Sicilian, Spanish, Swahili, Turkish, Yiddish



Stanley H. Barkan
Poet/Publisher


Jyotirmoy Datta
Poet/Journalist


Nandita Das
Dancer


Leigh Harrison
Guitarist


Michela Musolino
Italian Singer


Robin Metz
Poet

Saturday, August 24
11:00 a.m. - 6:00 p.m.
Central Library Auditorium
89-11 Merrick Boulevard, Jamaica
718-990-0778
Train: F to 169th Street
Numerous buses go to the 165th Street bus terminal.

Library Hours
Mon/Wed/Thu: 9-9
Tue: 1-9
Fri/Sat: 9-7
Sun: 12-5


with Music, Dance,
an Art Contest for
Children (ages 5-13)
and much more...

SUMMER READING '13
www.summerreading.org

Admission is free. www.queenslibrary.org
Queens Library is an independent, not-for-profit corporation and is not affiliated with any other library system.


1439/2013

শব্দগুচ্ছ সুদৃশ্য, সুপাঠ্য, সুসম্পাদিত
— শিবনারায়ণ রায়




হাসানআল আব্দুল্লাহ'র
নতুন কাব্যগ্রন্থ
শীত শুকানো রোদ
হাসানআল আব্দুল্লাহ'র বাৎসরিক ছবিচিত্রিত একটি নতুন
শক্তি—জ্যেষ্ঠাধিকারী দত্ত

প্রচ্ছদ: মমিনউদ্দিন খালেদ
মূল্য: ১৫০টাকা পৃষ্ঠা: ৯৬
প্রকাশক: অনন্যা



নাজমীন সীমন-এর
দ্বিতীয় কাব্যগ্রন্থ
একটি বিড়াল ও আমার দুঃখ

শব্দগুচ্ছ প্রেস, বইমেলা, ২০১১
মূল্য: ৫ ডলার
প্রচ্ছদ: হাসানআল আব্দুল্লাহ



মহাপৃথিবী

শব্দ রক্ষিত সম্পাদিত ত্রৈমাসিক এই কবিতার
কাগজটি প্রকাশিত হচ্ছে ৪১ বছর ধরে

কবিতা পাঠানোর ঠিকানা:

Mahaprithivi
Birinchiberia, Purba Sreekrishnapur,
Purba Midnapore 721635, W. B., INDIA

হালাল মাংশ, মাছ, মশলাপাতি ও তরতাজা সজির জন্যে

পসরা

আপনাদের নিকটতম গ্রোসারী, সুলভ মূল্যের নিশ্চয়তা দিচ্ছে
আমরা সপ্তাহে সাতদিনই খোলা থাকি

ফ্রি ডেলিভারীর ব্যবস্থা আছে

যোগাযোগ: পসরা ইনক 85-39 Parsons Blvd, Jamaica, NY 11432

Phone: (718) 658 6676

THE 15TH ANNIVERSARY ISSUE

Poetry and Essays:

Hassanal Abdullah Roni Adhikari Kayes Ahmed Rassel Ahmed
Chak Amitava Pallav Bandyopadhyay Stanley H. Barkan Nicholas Birns Jyotirmoy Datta Jyotiprakash Dutta Caroline Gill Nirmolendu Goon
Clinton Van Inman John McLeod Manas Paul Matin Raihan Hasan Sabbir Naznin Seamon Amiyakumar Sengupta

Comments:

Maria Bennett Laura Boss Stephen Cipot Joan Digby John Digby
Arthur Dobrin Kristine Doll Maria Mazziotti Gillan Adel Gogy Mary Gogy
Mike Graves Leigh Harrison Yvette Neisser Moreno Marsha Solomon
Tino Villanueva Bill Wolak

Letters:

Babette Albin Chandan Anwar Mansur Aziz Laura Boss Rumana Gani
David Gershator Caroline Gill Isaac Goldemberg
Zahirul Hasan Omar Faruque Jibon Gholam Moyenuddin Hasan Sabbir Subir Sarkar Tabrish Sarker Bikul Hossain Rojario

Cover Art:

Ekok Soubir

\$10.00

Shabdaguchha Press

This issue is published
in cooperation with

Cross-Cultural Communications

ISBN 978-0-89304-985-0

ISSN 1531-2038

